

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৯৫২

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১ ত্রাণ্)

পরিচ্ছেদঃ ১১. দ্বিতীয় অনুচ্ছেদ - কারো সম্পদে অন্যায় হস্তক্ষেপ, ঋণ ও ক্ষতিপূরণ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «الرجل جَبَّار وَالنَّار جَبَّار». رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

২৯৫২-[১৫] আবৃ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত আছে, নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ পা দণ্ডহীন এবং আগুন দণ্ডহীন। (আবৃ দাউদ)[1]

ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ৪৫৯২, ইরওয়া ১৫২৬, য'ঈফ আল জামি' ৩১১৩। কারণ যুহরী হতে বর্ণনায় সুফ্ইয়ান বিন হুসায়ন একজন দুর্বল রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (الرَجْلُ جُبَارً)) অর্থাৎ- চতুস্পদ জন্তু পথে তার পা দ্বারা যা মাড়িয়ে থাকে, যাকে আঘাত করে তার কারণে কোনো দণ্ড নেই। ইবনুল মালিক বলেনঃ অর্থাৎ- প্রাণীর আরোহীকে যখন প্রাণী ফেলে দিবে অথবা প্রাণী তার পা দ্বারা যখন কোনো মানুষকে আঘাত করবে তখন তা দণ্ডহীন, আর যদি তাকে হাত দিয়ে (সামনের পা) আঘাত করে তাহলে তা দণ্ডনীয়। আর তা এ কারণে য়ে, আরোহী তার সামনের দিক নিয়ন্ত্রণ করতে ক্ষমতা রাখে, পেছনের দিক না। শাফি'ঈ বলেনঃ হাত এবং পা উভয়টি যিম্মাদারীর ক্ষেত্রে সমান। (النَّالِ جُبُالً)) প্রয়োজনে ক্রটি ছাড়াই আগুন জ্বালানোর কারণে বিনা শক্রতায় অগ্নিস্কুলিঙ্গ যা জ্বালিয়ে দিয়েছে তার কারণে দণ্ড নেই। শারহুস্ সুয়াহ্'তে আছে- কোনো ব্যক্তি যখন তার অধিকারের মাঝে আগুন জ্বালায়, অতঃপর বাতাস তাকে অন্যের সম্পদের দিকে এমনভাবে নিয়ে যায় য়ে, তাকে প্রতিহত করার ক্ষমতা রাখে না, তা দণ্ডহীন। আর এটা ঐ সময় যখন বাতাস শান্ত থাকার সময় আগুন জ্বালানো হয়়, অতঃপর বাতাস প্রবাহিত হয়়। (মিরকাতুল মাফাতীহ)



হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন